

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮ ১৩

বিলোনীয়া, ১৪ নভেম্বর, ২০২৪

রাজ্যভিত্তিক শিশু দিবস-২০২৪

আজকের শিশু আগামীদিনের ভবিষ্যত : সমবায় মন্ত্রী

আজকের শিশু আগামীদিনের ভবিষ্যত। যে সমাজে শিক্ষা নেই, সে সমাজ উন্নত হতে পারে না। তাই শিশুদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। তাদের জীবন সুন্দর ভাবে গড়ে তুলতে হবে। আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে রাজ্যভিত্তিক শিশু দিবস-২০২৪ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সমবায় মন্ত্রী বলেন, শিক্ষার মাধ্যমে আমরা নিজেদের জীবন, রাজ্য এবং সমাজ পরিবর্তন করতে পারি। রাজ্য সরকার গুণগত শিক্ষার প্রসারে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, বাল্যবিবাহ রোধে শিক্ষক-শিক্ষিকাদেরও ভূমিকা নিতে হবে। নেশা সমাজকে গ্রাস করছে যা অত্যন্ত উদ্বেগের বিষয়। ছাত্র, শিক্ষক, অভিভাবকদের সম্মিলিত প্রচেষ্টায় নেশামুক্ত ত্রিপুরা গড়ে তুলতে হবে।

রাজ্যভিত্তিক শিশু দিবস উদযাপন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিলোনীয়া মহকুমা শাসক কৃষ্ণ চন্দ্র গুপ্ত। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা। উপস্থিতি ছিলেন বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, জেলাশাসক ও সমাহৰ্তা স্মিতা মল এম এস, জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ জওহরলাল নেহেরুর প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।
